

# মাননীয় নিবন্ধক'র বাণী-

"মঠবাড়ী খ্রিস্টান কো-অপররেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড" এর সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে একটি সমৃদ্ধ স্মরণিকা প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। গাজীপুর জেলার, কালীগঞ্জ উপজেলার মঠবাড়ী ধর্মপল্লীর খ্রীষ্টানদের নিয়ে আজ থেকে ৫০ বৎসর পূর্বে এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছিল। এ প্রতিষ্ঠানের প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত জড়িত সবাইকে এ সুবর্ণ জয়ন্তী উপলক্ষে জানাই আমার আন্তরিক অভিনন্দন।

আমাদের দেশে সমবায় সমিতির মত একটি আর্থিক প্রতিষ্ঠান জন্মলগ্ন থেকে ৫০ বৎসর যাবৎ আর্থিক কার্যক্রম পরিচালনা করে আসছে সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন এই সাফল্যের স্বাক্ষ্য বহন করে। বিশ্বের বিভিন্ন দেশে আর্থ-সামাজিক উন্নয়নের হাতিয়ার হিসেবে সমবায় আন্দোলনের ভূমিকা প্রশংসিত হচ্ছে। সারা বিশ্বের সমবায়ীদের সাথে বাংলাদেশের সমবায়ীরাও সফলতার অংশীদার। সততা ও নিষ্ঠার সাথে সমবায় নেতৃত্ব ও ব্যবস্থাপনাকে জোরদার করা গেলে সমবায় আন্দেলনের কাঙ্খিত সাফল্য অর্জন করা সম্ভব।

সমবায়ের অর্থনৈতিক উন্নয়ন এক ঐক্যবদ্ধ প্রয়াস- দুঃখ জয়ের প্রচেষ্ঠা যেখানে ব্যক্তির চেয়ে প্রতিষ্ঠানের প্রাধান্য সর্বাধিক। সমবায় আজ দারিদ্রবিমোচন, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক ভারসাম্য রক্ষাসহ পৃথিবীর সমস্যা সমাধানে চালিকাশক্তি হিসেবে প্রতিষ্ঠিত। এই সমিতিটি শুধুমাত্র অর্থনৈতিক কর্মকান্ডে নয়, পাশাপাশি এলাকার বেকার যুবক-যুবতীদের, স্বাস্থ্যসেবা, শিশুদের দীর্ঘমেয়াদী সঞ্চয় প্রকল্প ও মেধাবীদের এককালীন বৃত্তি প্রদান ও বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনার মাধ্যমে আত্ন-কর্মসংস্থানে উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলেছে।

আমি মঠবাড়ী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর সুবর্ণ জয়ন্তী উৎসবের সার্বিক সাফল্য ও সকল সমবায়ীর মঙ্গল কামনা করছি।

**মোঃ হুমায়ুন খালিদ**
**নিবন্ধক, সমবায় অধিদপ্তর,**
সমবায় ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।